

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫০৫

অমরপুর, ২ নভেম্বর, ২০২৩

অমরপুর মহকুমায় বিজ্ঞানভিত্তিক মৎস্যচাষে প্রশিক্ষণ শিবির

অমরপুর মৎস্য তত্ত্ববিধায়কের কার্যালয় প্রাঙ্গনে গতকাল বিজ্ঞানভিত্তিক মৎস্যচাষে এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন বিধায়ক রাজ্ঞিত দাস। প্রশিক্ষণ শিবিরে মৎস্যচাষীদের কনিজাল ও আইস বক্স বিতরণ করা হয়। শিবিরে মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ মোজনায় ৩৬ জন মৎস্যচাষীকে কনিজাল দেওয়া হয়। এজন্য ব্যয় হয়েছে ৮৬ হাজার ৪০০ টাকা। তাছাড়া প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ মোজনায় ১৬ জন মৎস্যচাষীকে আইস বক্স দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৬৪ হাজার টাকা। প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করে বিধায়ক রাজ্ঞিত দাস বলেন, রাজ্যে মাছের উৎপাদন বৃদ্ধির জন্য সরকার মৎস্যচাষীদের বিজ্ঞানভিত্তিক মৎস্যচাষে প্রশিক্ষণ দিচ্ছে। মৎস্যজীবিদের আর্থ সামাজিক মান উন্নয়নে অগ্রাধিকার দেওয়া হয়েছে। প্রশিক্ষণ শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মন্টি দেবনাথ, অমরপুর বিএসি'র চেয়ারম্যান রবিত্র জমাতিয়া, অস্পি বিএসি'র চেয়ারম্যান সিন্ধু চন্দ্র জমাতিয়া প্রমুখ। সভাপতিত্ব করেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা। স্বাগত বক্তব্য রাখেন মৎস্য তত্ত্ববিধায়ক অজয় দাস।
